গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮.মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**২০২৩-২০২৪ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী**

সভাপতি : এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক(দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ০৯ জানুয়ারি ২০২৪খ্রি. ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে আহ্বান জানানো হয়। সদস্য-সচিব প্রতিটি কার্যক্রম, কর্মসম্পাদনের সূচক এবং বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কর্মপরিকল্পনার অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর প্রতিটি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ক. | ১.১. সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ক. ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনায় চলতি ২০২৩-২৪ অর্থবছরের ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ১৬/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে।<br><br>খ.**"ডিজিটালী ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ"** শিরোনামে উদ্ভাবনী ধারণা এ অর্থবছরে বাস্তবায়নের জন্য নির্ধারণ করা হয়েছে।<br><br>গ. উদ্ভাবন ধারণা ৮টি বিভাগীয় জেলায় একটি করে উপজেলায় পাইলটিং কার্যক্রম শুরু করা হয়েছে। পাইলটিং ৮টি উপজেলায় অগ্রগতি নিয়মিত মনিটর করা এবং যথাসময়ে কাজটি সম্পূর্ণ করার জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমে ৬জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ক. গৃহীত উদ্ভাবন ধারণা প্রতিটি ধাপ নির্ধারিত সময়-সীমার মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ. পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত মনিটর করতে হবে।<br><br>২০২৩-২৪ অর্থবছরের বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা <u>মনিটরিং টিম:</u><br>১. জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (বাস্তবায়ন) - কোতোয়ালী, চট্টগ্রাম এবং রংপুর সদর উপজেলা;<br>২. জনাব অমলেন্দু বিশ্বাস, প্রোগ্রামার- বোয়ালিয়া, রাজশাহী এবং খালিশপুর, খুলনা উপজেলা;<br>৩. জনাব ফারিহা নিশাত, উপপরিচালক (প্রশিক্ষণ) - বরিশাল সদর উপজেলা;<br>৪. জনাব ফরিদা ইয়াসমিন, উপপরিচালক (দা. বি. ঋণ) - সিলেট সদর উপজেলা<br>৫. জনাব মোঃ শাহীনূর রহমান; উপপরিচালক(দা. বি. ও ঋণ)- ধানমন্ডি থানা, ঢাকা এবং<br>৬. জনাব মোঃ জাকারিয়া জামিল, সহকারি পরিচালক (প্রশিক্ষণ)- ময়মনসিংহ সদর উপজেলা।<br>মনিটরিং টিম বর্ণিত উপজেলার কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন এবং ১৬/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আট উপজেলার কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন। | ইনোভেশন টিম |

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ২.১ ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা | ক. ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজীকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেইজ হালনাগাদকরণ ও ডাটাবেইজের সেবাসমূহ চালু রাখতে রাখার জন্য কর্মপরিকল্পনায় নির্দেশনা রয়েছে। সদস্য-সচিব অবহিত করেন যে, পূর্বে বাস্তবায়িত উদ্ভাবন ধারণাসমূহ নির্ধারিত ফরমেটে ০২/১০/২০২৩ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>খ. যে সকল সেবা ইতঃপূর্বে বাস্তবায়িত হয়েছে সেগুলো কার্যকর/সচল রাখার নির্দেশনা রয়েছে বলে সভায় অবহিত করা হয়। বাস্তবায়িত সেবাগুলো মধ্যে প্রেরিত ডাটাবেইজের ০১, ০৪, ০৫, ০৯ এবং ১১ ক্রমিকে বর্ণিত সেবাসমূহ চালু রাখা সম্ভব হবে বলে কমিটির সকল সদস্য মতামত ব্যক্ত করেন। | ক. ইতঃপূর্বে বাস্তবায়িত সেবাসমূহের মধ্যে ডাটাবেইজে ০১, ০৪, ০৫, ০৯ এবং ১১ ক্রমিকে বর্ণিত সেবা চালু রাখার সুপারিশ করা হয়। তৎভিত্তিতে ডাটাবেইজ হালনাগাদ করতে হবে।<br><br>খ. ডাটাবেজ আপলোডের স্ক্রিনশট, কার্যকর/চালু সেবা সংক্রান্ত ত্রৈমাসিকভিত্তিতে প্রত্যয়ন এবং ডিজিটাইজকৃত সেবা লিংক সংরক্ষণ করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর |
| | ৩.১ ইনোভেশন শোকেসিং | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ ০৯/০৫/২০২৪ তারিখের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে কর্মপরিকল্পনায় নির্দেশনা রয়েছে। বাস্তবায়িত উদ্ভাবন ধারণাসমূহ নিয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনক্রমে প্রদর্শনযোগ্য সাতটি উদ্ভাবন ধারণা নিয়ে শোকেসিং আয়োজন করার বিষয়ে একমত পোষণ করা হয়। | শোকেসিং-এ ৭টি ধারণা উপস্থাপনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ মেন্টর হিসেবে দায়িত্ব পালন করবেন-<br>১. বেকারমুক্ত গ্রাম সৃজন ২টি স্টল (লাহিনী পাড়া, কুষ্টিয়া, মাছুয়াডাঙ্গা, রূপসা, খুলনা)- জনাব অমলেন্দু বিশ্বাস, প্রোগ্রামার;<br>২. আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণের মাধ্যমে নারীর ক্ষমতায়ন- জনাব ফরিদা ইয়াসমিন, উপপরিচালক (দা. বি. ঋণ) এবং জনাব ফারিহা নিশাত, উপপরিচালক (প্রশিক্ষণ)<br>৩. ঋণের ডাটাবেইজ ব্যবহার করে ঋণ কার্যকমের নিরীক্ষা সহজিকরণ, মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায়- জনাব মোঃ শাহীনূর রহমান; উপপরিচালক(দা. বি. ও ঋণ)<br>৪. NisE$^3$ প্ল্যাটফর্মে অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সকল প্রশিক্ষণ কোর্সে অনলাইন ভর্তি আবেদন সহ পর্যায়ক্রমে প্রশিক্ষণের সার্বিক কার্যক্রম অনলাইনে সম্পন্নকরণ- জনাব মোঃ জাকারিয়া জামিল, সহকারি পরিচালক (প্রশিক্ষণ);<br>৫. অনলাইন যুব সংগঠন নিবন্ধন- জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (প্রশাসন) ও জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (বাস্তবায়ন)<br>৬. ঋণের ই-সার্ভিস- জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (বাস্তবায়ন) | ইনোভেশন টিম |

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ৪.১. ডি-নথির ব্যবহার বৃদ্ধি | যুব উন্নয়ন অধিদপ্তরের ই-নথি, ডি-নথিতে রূপান্তর করা হয়েছে। বর্তমানে ডি-নথির নিষ্পত্তির হার ৮০% এর অধিক রয়েছে। | অধিদপ্তরের ডি-নথি সংক্রান্ত ফোকাল পয়েন্ট এ ব্যাপারে নিয়মিত তদারকি এবং তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করবেন। | প্রোগ্রামার, আইসিটি, |
| | ৫.১. তথ্য বাতায়ন হালনাগাদ-করণ | ত্রৈমাসিকভিত্তিতে যুব উন্নয়ন অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করা এবং এর আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণের বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে মর্মে সভায় জানানো হয় এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রমের নিম্নবর্ণিত অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়-<br>ক. তথ্য বাতায়নের সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে এবং ৩১/১০/২০২৩ খ্রি. তারিখে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালেয়ে প্রেরণ করা হয়েছে।<br>খ. ১৫ জানুয়ারি ২০২৪ এর মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালেয়ে প্রেরণ করা হবে বলে প্রোগ্রামার, আইসিটি শাখা সভাকে অবহিত করেন। | ক. তথ্য বাতায়নের সকল সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণের স্ক্রিন-শট প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।<br>খ. নির্ধারিত সময়ের মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর |
| | ৬.১ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন। | চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করা এবং যুব উন্নয়ন অধিদপ্তরের জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা আগামী ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রণয়ন করতে কর্মপরিকল্পনায় নির্দেশনা রয়েছে। এ বিষয়ে গৃহীত কাযক্রম নিম্নরূপে সভায় উপস্থাপন করা হয়-<br><br>ক. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে পরিচালক (প্রশিক্ষণ)-কে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে।<br>খ. ৩১ ডিসেম্বর-২০২৩ মাসে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মার্চ ২০২৪ এর প্রথম সপ্তাহে ২য় কর্মশালা আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে। | ক. ১ম কর্মশালার সুপারিশের আলোকে যুব উন্নয়ন অধিদপ্তরের জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে খসড়া কর্মপরিকল্পনা তৈরির লক্ষ্যে নিম্নোক্ত ৩(তিন) সদস্যের সমন্বয়ে উপ-কমিটি গঠন করা হলো-<br>১. জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক(প্রশাসন) - আহ্বায়ক;<br>২. জনাব ফারিহা নিশাত, পপরিচালক (প্রশিক্ষণ)- সদস্য<br>৩. জনাব মোঃ যাকারিয়া জামিল, সহকারি পরিচালক (প্রশিক্ষণ)- সদস্য<br>খ. মার্চ ২০২৪ এর প্রথম সপ্তাহে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২য় কর্মশালা আয়োজন করতে হবে। | ইনোভেশন টিম |
| খ. | মাঠ পর্যায়ের অফিসমূহে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশনা দিয়ে পত্র জারি করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন মোতাবেক মাঠ পর্যায়ের অফিসমূহের জন্য নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির তথ্য ইনোভেশন সেলে প্রেরণ করতে মাঠে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

সভাপতি বলেন, ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ আন্তরিকতার সহিত যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিতকরণে অনুরোধ জানান। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ১১-০১-২০২৪

(এ কে এম মফিজুল ইসলাম)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
যুব উন্নয়ন অধিধপ্তর
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০১০.২৩.৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(সকল)

০৩। জনাব---------------------------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। সংশ্লিষ্ট নথি ।

১৪.০১.২০২৪

(মোঃ শাহীনূর রহমান)
উপপরিচালক(দা.বি. ও ঋণ) ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৫০১৯
e-mail: ddpa1@dyd.gov.bd

<u>পরিশিষ্ট "ক"</u>

০৯/০১/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব এ.কে.এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) ও ইনোভেশন অফিসার | স্বাক্ষরিত |
| ২. | মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক(বাস্তবায়ন) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ আতিকুর রহমান<br>উপপরিচালক (প্রশাসন) | স্বাক্ষরিত |
| ৪. | জনাব ফরিদা ইয়াসমিন<br>উপপরিচালক (দা. বি. ও ঋণ) | স্বাক্ষরিত |
| ৫. | জনাব ফারিহা নিশাত<br>উপপরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব অমলেন্দু বিশ্বাস<br>প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ৭. | জনাব মোঃ শাহাদাত হোসেন<br>সহকারি পরিচালক (অর্থ) ও কল্যাণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ৮. | জনাব জাকারিয়া জামিল<br>সহকারি পরিচালক(প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মরিয়ম আক্তার<br>উপপরিচালক (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ১০. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারি পরিচালক (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ১১. | জনাব শাহীনূর রহমান<br>উপপরিচালক (দাঃবিঃও ঋণ) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম | স্বাক্ষরিত |